

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০১.১৪.১৫২৫

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯

২১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **United Kingdom** হতে ১ (এক) দিন বয়সী **Ross Grandparent Stock** জাতের ২৬,০৯৪ টি মুরগির বাচ্চা আমদানির অনুমতি প্রসঙ্গে।

সূত্র: নাহার এগ্রো (গ্র্যান্ড প্যারেন্ট) লিমিটেড এর ০৮/০৯/২০২২ ইং তারিখের পত্র মোতাবেক।

সূত্রধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে **United Kingdom** হতে ১ (এক) দিন বয়সী **Ross Grandparent Stock** জাতের ২৬,০৯৪ টি (ছাব্বিশ হাজার চৌরানব্বই) টি মুরগির বাচ্চা নিম্নবর্ণিত শর্তে আগামী ২১/১২/২০২২ ইং তারিখের মধ্যে আমদানির অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্ট স্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাদিীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্ট স্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহন করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানীকারক দেশে **Notifiable AI** দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগির বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

২১-৯-২০২২

ডাঃ পল্লব কুমার দত্ত
উপপরিচালক

ব্যবস্থাপনা পরিচালক

নাহার এগ্রো (গ্র্যান্ড প্যারেন্ট) লিঃ (খামারঃ আজাদী
বাজার, ফটিকছড়ি, চট্টগ্রাম)।


স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০১.১৪.১৫২৫/১(৭৬)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯

২১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
 - ২) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, , চট্টগ্রাম।
 - ৩) পিএসও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো।
 - ৪) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চট্টগ্রাম (হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
 - ৫) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর
 - ৬) অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- মোবাইল-০১৯৭০৫০৬৮২৪



২১-৯-২০২২

ডাঃ পল্লব কুমার দত্ত
উপপরিচালক